দৈনিক ইত্তেফাক

তারিখ 12.09. 1988
পৃষ্ঠা 11 কলাম 6

002

# আন্তঃ বিশ্ববিদ্যালয় বাস্কেটবলে ঢাকা বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন

ময়মনসিংহস্থ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের জিমনেসিয়ামে অনুষ্ঠিত ৫ দিনব্যাপী আন্তঃবিশ্ববিদ্যালয় বাস্কেটবল প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় দল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় দলকে ৭২-৫৬ পয়েন্টের ব্যবধানে পরাজিত করিয়া চ্যাম্পিয়ন হইয়াছে। রানার-আপ হয় প্রকৌশল বিশ্ববিদ্যালয় দল। উপাচার্য প্রফেসর ডঃ আবুল কালাম মুহাম্মদ আমীনুল হক বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। গত ৪ঠা অক্টোবর উপাচার্য প্রতিযোগিতার উদ্বোধন করেন। গত ৮ই সেপ্টেম্বর প্রতিযোগিতার চূড়ান্ত খেলা হয়।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সহ ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। —প্রেস বিজ্ঞপ্তি।